



ছবি



ছবি



ভিডিও

---

## উচ্চশিক্ষা

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ ৬  
কর্মকর্তার পদত্যাগ

ইউএনবি

---



টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (মাবিপ্রবি) উপাচার্য মো. ফরহাদ হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের ছয় কর্মকর্তা পদত্যাগ করেছেন। পদত্যাগকারী কর্মকর্তারা হলেন, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মো. মুছা মিয়া, বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. নুরুল ইসলাম, জাহানারা ইমাম হলের প্রাধ্যক্ষ মোসা. নার্গিস আক্তার, শেখ রাসেল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. ইদ্রিস আলী ও শিক্ষার্থী কল্যাণ পরামর্শ কেন্দ্রের উপপরিচালক ফয়জুন নাহার মিম। গত সোমবার (৫ আগস্ট) রাতে তাঁরা পদত্যাগ করে ক্যাম্পাস ত্যাগ করেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার তৌহিদুল ইসলাম বলেন, ‘গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে উপাচার্য বাদে বাকি পাঁচজনের পদত্যাগপত্র হাতে পেয়েছি। তাঁরা রাতেই ক্যাম্পাস ত্যাগ করেছেন। তবে কী কারণে তাঁরা পদত্যাগ করেছেন, তা তিনি জানেন বলে জানান।’

এদিকে বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ ছয় কর্মকর্তাকে ক্যাম্পাস ছাড়ার আলটিমেটাম দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা। উপাচার্য বাদে বাকি পাঁচজন পদত্যাগপত্র লিখে বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তার কাছে রেখে চলে যান। তবে উপাচার্য নিজের পদত্যাগপত্রটি সঙ্গে নিয়ে ক্যাম্পাস ত্যাগ করেন। তিনি চ্যান্সেলরের কাছে তাঁর পদত্যাগপত্র জমা দেন বলে জানা গেছে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো  
করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো